রেজিস্টার্ড এডি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম
ওয়েবসাইটঃ www.cbcctg.gov.bd

নথি নং- ৫(১৩)কাবক/আকা/চট্টঃ/বন্ড(লাইঃ)/১৯/২০০৭/ ২০৫৭৫ তারিখঃ ২৭/০৮/২০২৬ খ্রি.

**বিষয়: ব্যাংক গ্যারান্টির মাধ্যমে এফওসি-ভিত্তিতে আবেদিত পণ্যচালান শর্তসাপেক্ষে খালাসের জন্য অনাপত্তিপত্র।**

সূত্র : প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ১০/০৮/২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স সানটেক্স নীটওয়্যারস লিমিটেড, ৬/এ, এ.কে. টাওয়ার, সিডিএ মার্কেট পাহাড়তলী, চট্টগ্রাম এ দপ্তরের ডকেট নাম্বার ৬০১৮, তারিখঃ ১০/০৮/২০২৬ এর মাধ্যমে এফওসি পদ্ধতিতে আমদানিকৃত ৮.১৮৯ মে. টন কাঁচামাল ব্যাংক গ্যারান্টি দাখিলপূর্বক খালাসের অনুমতি প্রদানের জন্য এ দপ্তরে আবেদন করেছেন। আপনার আবেদনটি এ দপ্তরে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, লিয়েন ব্যাংক এর প্রত্যয়নপত্রের ভিত্তিতে যে পরিমাণ কাঁচামাল আমদানি করে পরবর্তীতে তা ব্যবহারপূর্বক রপ্তানি করা হয়েছে (জাতীয় রাজস্ব বোর্ড এর ASYCUDA World এর MIS Data অনুযায়ী) তা সংশ্লিষ্ট FOC সংক্রান্ত বিধির সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ায় আপনার আবেদনটি বিবেচনায় নেয়া হলো। এমতাবস্থায়, এফওসি ভিত্তিতে আমদানিকৃত ব্যাংক গ্যারান্টির মাধ্যমে খালাসের জন্য আবেদিত আপনার পণ্যচালানটি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে খালাসের অনুমতি প্রদান করা হলোঃ

শর্তসমূহ :

ক. পণ্যচালানটি খালাসের লক্ষ্যে প্রযোজ্য শুল্ক-করাদির সমপরিমাণ অর্থের নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে।

খ. আমদানিকৃত কাঁচামাল/পণ্য বন্দর হতে ছাড়করণের পূর্বে সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, ইনভয়েস ও প্যাকিং লিস্ট সংযুক্তিপূর্বক পত্র মারফত এ দপ্তরকে জানাতে হবে।

গ. আমদানিকৃত পণ্য বন্ড কর্মকর্তা কর্তৃক Escort করে স্টেশন হতে প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউসে প্রবেশ ও বন্ড রেজিস্টারে এন্ট্রি নিশ্চিত করতে হবে।

ঘ. আমদানিকৃত পণ্য ওয়্যারহাউসে প্রবেশ সাপেক্ষে এস আরও নং-২১৩-আইন/২০২৪/৬৫, তারিখঃ ২৯/০৫/২০২৪ এর বিধি-৯(২), (তফসিল ০৩) অনুযায়ী ইন্টু বন্ড রেজিস্টারে এন্ট্রি করতে হবে।

ঙ. আমদানিকৃত পণ্য ওয়্যারহাউসের বিন কার্ডে অন্যান্য তথ্যের পাশাপাশি বিল অব এন্ট্রি নম্বরসহ পণ্যের সুনির্দিষ্ট বর্ণনা উল্লেখ করতে হবে।

চ. আমদানিকৃত পণ্যচালানের Cutting কার্যক্রমের স্থিরচিত্র ও ভিডিও চিত্র সংরক্ষণ করতে হবে এবং কারখানার যে স্থানে Cutting করা হবে সে স্থানটি অবশ্যই যথোপযুক্ত রেকর্ডিং ও সংরক্ষণ সুবিধাসহ সিসিটিভির আওতাভুক্ত থাকবে।

ছ. আমদানিকৃত পণ্যচালানের Cutting সংশ্লিষ্ট বন্ড এলাকা কর্মকর্তার উপস্থিতিতে সম্পন্ন করতে হবে।

জ. আমদানিকৃত কাঁচামাল দিয়ে উৎপাদিত পণ্য রপ্তানির উদ্দেশ্যে বন্ডেড এলাকা থেকে বের করার পূর্বে অত্র দপ্তরকে লিখিতভাবে জানাতে হবে।

ঝ. সাব-কন্ট্রাক্টকৃত পণ্যের ক্ষেত্রেও উপরোল্লিখিত প্রযোজ্য শর্তাদি পরিপালন করতে হবে।

ঞ. শুল্কায়নে ইউডি দাখিল করতে হবে।

ট. রপ্তানি শেষে নির্ধারিত সময়ের মধ্যে পিআরসি দাখিল করতে হবে।

ঠ. উল্লেখ্য, উপর্যুক্ত কোন শর্ত পরিপালন না করা হলে আপনার প্রতিষ্ঠানকে ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে চিহ্নিত করা হবে এবং আপনার প্রতিষ্ঠানের বিপরীতে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা-২০২৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৭.৮.২৬

(অনুপম চাকমা)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস (বন্ড) (চ. দা.) এর পক্ষে
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

O/C

প্রাপক: ব্যবস্থাপনা পরিচালক,
মেসার্স সানটেক্স নীটওয়্যারস লিমিটেড,
৬/এ, এ.কে টাওয়ার, সিডিএ মার্কেট পাহাড়তলী, চট্টগ্রাম।

নথি নং- ৫(১৩)কাবক/আকা/চট্টঃ/বন্ড(লাইঃ)/১৯/২০০৭/ ২০৫৭৫ তারিখঃ ২৭/০৮/২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১-৮। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/ভোমরা/আইসিডি, কমলাপুর, ঢাকা/আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও, নারায়ণগঞ্জ, ঢাকা;

৯-১০। কমিশনার অব কাস্টমস, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ);

১১-১৮। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, ডিইপিজেড, সাভার, ঢাকা/আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ/সিইপিজেড, কর্ণফুলী ইপিজেড, কোরিয়ান ইপিজেড, চট্টগ্রাম/কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/মোংলা ইপিজেড, খুলনা/উত্তরা ইপিজেড, নীলফামারী/ঈশ্বরদী ইপিজেড, পাবনা/উত্তরা ইপিজেড, নীলফামারী/পায়রা বন্দর, কলাপাড়া, পটুয়াখালী;

১৯। অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (নথিতে অনুমোদন নিশ্চিত হয়ে প্রত্যয়ন পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য বলা হলো; নথিমূলে আপলোডের বিষয়টি নিশ্চিত করবেন।)

২০। ব্যবস্থাপক, ট্রাস্ট ব্যাংক পিএলসি, হালিশহর শাখা, হালিশহর, চট্টগ্রাম;

২১। ব্যবস্থাপক, যমুনা ব্যাংক পিএলসি, খাতুনগঞ্জ ব্রাঞ্চ, চট্টগ্রাম;

২২-২৩। প্রথম সহ সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন (লেবেল ৪-৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম;

২৪। সংশ্লিষ্ট বন্ড এলাকার কর্মকর্তা, এলাকা-১৫, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (তাঁকে উপর্যুক্ত শর্তাবলী পরিপালন নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো);

২৫। পিএ-টু কমিশনার অব কাস্টমস, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);

২৬। অফিস কপি/গার্ড ফাইল।

২৭.৮.২৬

(অনুপম চাকমা)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস

O/C